

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০২৮.১৫-৭০

তারিখঃ ২৩ চৈত্র ১৪২৩  
০৬ এপ্রিল ২০১৭

**আদেশ**

যেহেতু, জনাব মহাদেব ব্যানার্জী, সুপারিনটেনডেন্ট, মাদারীপুর পিটিআই, মাদারীপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর পর বিভাগীয় মামলাটি তদন্তের জন্য জনাব গোপাল চন্দ্র দাস, উপ-সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয় নি;

যেহেতু, মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি এবং তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মহাদেব ব্যানার্জী, সুপারিনটেনডেন্ট, মাদারীপুর পিটিআই, মাদারীপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-


(মোহাম্মদ আসিফ-উজ-জামান)  
ভারপ্রাপ্ত সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০২৮.১৫-৭০

তারিখঃ ২৩ চৈত্র ১৪২৩  
০৬ এপ্রিল ২০১৭

**অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ**

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।  
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল।)
- ৬। সুপারিনটেনডেন্ট, পিটিআই, মাদারীপুর।
- ৭। জনাব মহাদেব ব্যানার্জী, সুপারিনটেনডেন্ট, মাদারীপুর পিটিআই, মাদারীপুর।
- ৮। অফিস কপি।



(সুলতানা রাজিয়া)  
সিনিয়র সহকারী সচিব (তঃশৃঃ)  
ফোন-৯৫৭৬৬৯১